

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.২০১৬-৩০৭

তারিখঃ ২৩/০১/১৬ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোরশেদ আহমেদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর ঈশ্বরদী পাবনা এবং একই জেলাধীন ভাঙ্গুরা উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তার অতিরিক্ত দায়িত্ব পালনকালীন যুব উন্নয়ন অধিদপ্তরাধীন “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দকৃত দু’টি মোটরসাইকেল যথাক্রমে পাবনা হ ১১-৯৭৯৭ এবং পাবনা হ ১১-৯৮০০ চুরি হওয়ার অভিযোগে অত্র দপ্তরের ২৪-৫-২০১৬ খ্রিঃ তারিখে ১৩৯ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন। তার জবাবের প্রেক্ষিতে গত ১৬-৬-২০১৬ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তিনি চুরি যাওয়া দু’টি মোটরসাইকেলের পরিবর্তে ০২টি মোটরসাইকেল ক্রয় করে দিতে সম্মত হলে, গঠিত কমিটির মাধ্যমে দু’টি মোটরসাইকেল ক্রয় করে জমা দেয়ার নির্দেশনা দেয়া হয়। সে মোতাবেক তিনি দু’টি মোটরসাইকেল(রেজিস্ট্রেশনসহ) ক্রয় করে জমা প্রদান করেন;

৩। যেহেতু, তিনি কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক চুরি যাওয়া দু’টি মোটরসাইকেল প্রতিস্থাপন করেছেন, সেহেতু তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সেহেতু, এক্ষণে জনাব মোরশেদ আহমেদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঈশ্বরদী পাবনা-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো;

খ) একই সাথে ভবিষ্যতে সরকারী মোটরসাইকেল ব্যবহারে সতর্ক থাকতে বলা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৯৩৮৯  
তারিখঃ ২৩/০১/১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.২০১৬-৩০৭  
অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। প্রকল্প পরিচালক, “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা(বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করতে অনুরোধ করা হলো)।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন-২), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।
- ০৬। জনাব মোরশেদ আহমেদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঈশ্বরদী পাবনা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃংখলা)  
ফোন : ৯৫৫১৮৫৯